

একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত হবে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসক

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়, নীলফামারী

www.nilphamari.gov.bd

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরী

নম্বর-০৫.৪৭.৭৩০০.০১০.৪০.০১২.২৫-৫৪২

তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪৩২
১১ ডিসেম্বর ২০২৫

গণ-বিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ দফা (২) অনুসারে আমি মোহাম্মদ নায়িরুজ্জামান, জেলা প্রশাসক, নীলফামারী ও রিটার্নিং অফিসার, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন, এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১১ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ/২৬ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ তারিখে জারীকৃত ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫-৩৬৭ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনী এলাকার ভোটারগণকে স্ব-স্ব নির্বাচনী এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেনঃ-

রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৪ পৌষ ১৪৩২ ২৯ ডিসেম্বর ২০২৫	সোমবার
রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের শেষ তারিখ	:	১৫-২০ পৌষ ১৪৩২ ৩০ ডিসেম্বর ২০২৫-০৪ জানুয়ারি ২০২৬	মঙ্গলবার-রবিবার
মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়েরের তারিখ	:	২১-২৫ পৌষ ১৪৩২ ০৫-০৯ জানুয়ারি ২০২৬	সোমবার-শুক্রবার
আপিল নিষ্পত্তির তারিখ	:	২৬ পৌষ-০৪ মাঘ ১৪৩২ ১০-১৮ জানুয়ারি ২০২৬	শনিবার-রবিবার
প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০৬ মাঘ ১৪৩২ ২০ জানুয়ারি ২০২৬	মঙ্গলবার
প্রতীক বরাদ্দের তারিখ	:	০৭ মাঘ ১৪৩২ ২১ জানুয়ারি ২০২৬	বুধবার
ভোটগ্রহণের তারিখ	:	২৯ মাঘ ১৪৩২ ১২ ফেব্রুয়ারি ২০২৬	বৃহস্পতিবার

আগামী ২৯ মাঘ ১৪৩২/ ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ, বৃহস্পতিবার, সকাল ৭:৩০ ঘটিকা হইতে বিকাল ৪:৩০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাঞ্চে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ দফা (৩) অনুসারে ১৪ নীলফামারী-৩ নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ২৯ ডিসেম্বর ২০২৫/ ১৪ পৌষ ১৪৩২ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯ টা হতে বিকাল ০৫ টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনী এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জলঢাকা, নীলফামারী) মনোনয়নপত্র গৃহীত হবে।

১ ১ দিন ১২ মাস ২ ০ ২ ৫ বৎসর

(মোহাম্মদ নায়িরুজ্জামান)

জেলা প্রশাসক, নীলফামারী

ও


রিটার্নিং অফিসার

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন

১৪ নীলফামারী-০৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
৬. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৭. উপমহাপুলিশ, পরিদর্শক, রংপুর রেঞ্জ, রংপুর।
৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর অঞ্চল, রংপুর
৯. পুলিশ সুপার, নীলফামারী।
১০. অধিনায়ক, নীলফামারী ব্যাটালিয়ন, ৫৬-বিজিবি।
১১. অধিনায়ক, র‍্যাব-১৩, নীলফামারী।
১২. জেলা নির্বাচন অফিসার, নীলফামারী।
১৩. উপজেলা নির্বাহী অফিসার, জলঢাকা, নীলফামারী ও সহকারী রিটার্নিং অফিসার, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন, ১৪ নীলফামারী-৩ (গণ-বিজ্ঞপ্তিটি জারী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১৪. জেলা কম্যান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, নীলফামারী।
১৫. জেলা তথ্য অফিসার, নীলফামারী। (গণ-বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)
১৬. উপজেলা নির্বাচন অফিসার, জলঢাকা, নীলফামারী।
১৭. অফিসার ইনচার্জ, জলঢাকা থানা, নীলফামারী।
১৮. সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, নীলফামারী।
১৯. নোটিশ বোর্ড
২০. অফিস কপি।


(মোহাম্মদ নায়িরুজ্জামান)
জেলা প্রশাসক, নীলফামারী

ও

রিটার্নিং অফিসার
ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন
১৪ নীলফামারী-০৩